

শিক্ষক স্বল্পতা উচ্চশিক্ষার মান অবনতির অন্যতম কারণ

মোস্তফা ফিরোজ

দেশের উচ্চশিক্ষার মান অবনতির অন্যতম কারণ হচ্ছে শিক্ষার্থীর তুলনায় শিক্ষকের স্বল্পতা। প্রতিবছর এই ভারসাম্যহীনতা বাড়ছে। অর্থাৎ শিক্ষার্থীর সংখ্যা বাড়ছে কিন্তু সে তুলনায় শিক্ষক বাড়ছে না। সর্বশেষ হিসাব অনুযায়ী বিশ্ববিদ্যালয়গুলোতে প্রায় ১৮ জন শিক্ষার্থীর জন্য রয়েছে একজন শিক্ষক। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের এক জরিপ রিপোর্টে এ তথ্য প্রকাশ করে বলা হয়, বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষক-শিক্ষার্থীর আনুপাতিক হার সন্তোষজনক হলেই শিক্ষার গুণগত মান উন্নয়ন সম্ভব। কিন্তু এক্ষেত্রে এ হার আদৌ সন্তোষজনক নয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের রিপোর্টে বলা হয়, ১৯৯৫-৯৬ বছরে বিশ্ববিদ্যালয়গুলোয় সর্বমোট শিক্ষার্থীর

সংখ্যা ছিল ৬৫ হাজার ২শ' ৫১ জন। সর্বমোট শিক্ষকের সংখ্যা ছিল ৩ হাজার ৬শ' ৭১ জন। এ হিসাবে ১৭ দশমিক ৭৭ জন শিক্ষার্থীর বিপরীতে শিক্ষকের সংখ্যা মাত্র একজন। '৯৪-৯৫ সালের তুলনায় '৯৫-৯৬তে শিক্ষকের সংখ্যা বেড়েছে শতকরা ২ দশমিক ৮৯ ভাগ। অপরপক্ষে শিক্ষার্থীর সংখ্যা বেড়েছে শতকরা ৫ দশমিক শূন্য ৮ ভাগ। এতে দেখা যায় শিক্ষার্থী বাড়ছে, শিক্ষক বাড়ছে না। শিক্ষকদের ছুটি ও অন্যান্য কারণে অনুপস্থিত শিক্ষকদের গণনার বাইরে রাখলে শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত আরও উর্ধ্বমুখী হবে। তুলনামূলকভাবে এ অনুপাত ১৯৯৩ ও ১৯৯৪ সালে ছিল যথাক্রমে ১ : ১৬.৯২ এবং ১ : ১৭.৪০। ১৯৯৩ ও ১৯৯৪ সালে শিক্ষক বৃদ্ধির হার ছিল যথাক্রমে ৩ দশমিক ৪১ ভাগ এবং ৪ দশমিক ২১ ভাগ। এক্ষেত্রে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির হার ছিল যথাক্রমে ৯ দশমিক ৮৯ ভাগ ও ৭ দশমিক ১৮ ভাগ।